গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ০৫.০০০.২৯৬.৫৬১.০২.০০১.২০১৬-   তারিখঃ ০৭/০৪/২০১৬ খ্রি.

= গণবিজ্ঞপ্তি =

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ, আশুগঞ্জ এর ২০১৬-২০১৭ আর্থিক সালের খসড়া বাজেট প্রণয়ণ করা হয়েছে। উক্ত বাজেটের খসড়া কপি আগামী ০৭/০৪/২০১৬ খ্রিঃ হতে ২১/০৪/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অত্র কার্যালয়ের উন্মুক্ত নোটিশ বোর্ডে জনসাধারণের মতামতের জন্য টাঙ্গিয়ে রাখা হবে। এ বিষয়ে জনসাধারণের গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ থাকলে নিম্নস্বাক্ষরকারী বরাবরে নির্ধারিত তারিখের মধ্যে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

7/4/17

আবু আসিফ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ আশুগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ।
০৩। ভাইস্ চেয়ারম্যান/মহিলা ভাইস্ চেয়ারম্যান, আশুগঞ্জ।
০৪। উপজেলা...................................... কর্মকর্তা (সকল), আশুগঞ্জ।
০৫। চেয়ারম্যান,.................................... ইউনিয়ন পরিষদ (সকল), আশুগঞ্জ।
০৬। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, আশুগঞ্জ।
০৭। জনাব.., আশুগঞ্জ।
০৮। ওয়েব পোর্টাল।
০৯। নোটিশ বোর্ড।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

সভার নোটিশ

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৩৮ ধারাম মোতাবেক আগামী ৩০/০৫/২০১৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০-০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনের আশুগঞ্জ উপজেলার বাজেট সভা অনুষ্ঠিত হবে উক্ত সভায় সভাপতিত্ব করবেন এবং বাজেট পেশ করবেন উপজেলা পরিষদ চেয়ারম্যান, জনাব আবু আসিফ আহমেদ।

উক্ত বাজেট সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সন্দ্বীপ কুমার সিংহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, আশুগঞ্জ

স্মারক নং- ০৫.০০০.২৯৬.৫৬১.০২.০০১.২০১৬- ৬৪৬(২০৮) তারিখঃ ২৪.০৫.২০১৬ইং

অনুলিপি সদয় অবগতির জন্য

০১. মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-২
০২. পরিচালক স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ ।
০৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ ।
০৮. উপজেলা.. কর্মকর্তা, আশুগঞ্জ।
০৯. চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল), আশুগঞ্জ।
১০. জনাব..

মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, আশুগঞ্জ।

উপজেলা পরিষদের ২৫তম সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ আবু আসিফ আহমেদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।
সভার তারিখ ঃ ৩১/০৫/২০১৬ খ্রিঃ ।
সভার সময় ঃ বেলা ১১.৩০ঘটিকা ।
সভায় উপস্থিতির বিবরণী পরিশিষ্ট ''ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জকে সভা পরিচালনা করার অনুরোধ জানান । বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১ দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের বরাদ্দকৃত সাধারণ টি,আর,৭১.৬৩৮৪ মেঃটন চাল হইতে ৬৮.৬৩৮৪ মেঃটন চালের ছাড়পত্র প্রদান করা হইয়াছে প্রকল্পের কাজের অগ্রগতি ৬০% এবং বিশেষ (টি,আর) প্রকল্পের ৯১.০০০ মেঃটন চাল হইতে ৮১.০০ মেঃটন চালের ছাড়পত্র প্রদান করা হইয়াছে কাজের অগ্রগতি ৬৫% এবং সাধারন কাবিখা প্রকল্পের ৭৭.৩৯৯৯ মেঃটন চালের বরাদ্দ হইতে এ যাবৎ ৪৯.৪৯৯ মেঃটন চালের ছাড়পত্র প্রদান করা হইয়াছে কাজের অগ্রগতি ৬০% ও বিশেষ কাবিখা বরাদ্দকৃত ৯৮.০০০ মেঃটন চালের বরাদ্দ হইতে ১২ টি প্রকল্পে ৬৮.০০০ মেঃটন চালের ছাড়পত্র প্রদান করা হইয়াছে কাজের অগ্রগতি ৫৬% এবং ব্রীজের কাজ যথাসময়ে সমাপ্ত করা হয়েছে কাজের অগ্রগতি ৯৫%। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর কাজ যথা সময়ে ইতিমধ্যে সমাপ্ত করা হয়েছে কাজের অগ্রগতি ১০০%। প্রকল্প চেয়ারম্যানদেরকে যথাসময়ে কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ জানান । আর অন্যান্য দাপ্তরিক কাজ বর্তমানে সুষ্ঠুভাবে চলিতেছে বলে প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন এবং অরো জানান যে,উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তালিকা হাল নাগাদ বিষয়ক সভা করে সভার কার্যবিবরণী প্রেরনের জন্য চেয়ারম্যান ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানান।	১.১ বিভাজন মোতাবেক প্রকল্প তালিকা প্রেরণ করতে হবে। সরেজমিনে কাবিখা ও টি আর প্রকল্প তদারকি করতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা, ট্যাগ অফিসার ও চেয়ারম্যান, সকল ইউপি।
২. উপজেলা প্রকৌশল বিভাগঃ (ক) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০১৫-২০১৬ অর্থ বৎসরের রাজস্ব উদ্বৃত্ত ও বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বেশিরভাগ প্রকল্পই সমাপ্তির পথে। নিম্নে অগ্রগতি তুলে ধরা হলো। **(১) কৃষি ও ক্ষুদ্র সেচঃ** **ক) কৃষি ও সেচঃ** নিবিড় শস্য কর্মসূচী, প্রদর্শনী খামার, বীজ সরবরাহ, পথিপার্শ্বে বৃক্ষরোপনসহ সামাজিক বনায়ন,ফলমূল ও শাক-সবজি চাষ, জলনিষ্কাশন ও সেচ ব্যবস্থা, ছোট ছোট বন্যা নিরোধক বাঁধ এবং ক্ষুদ্র সেচ কাঠামো নির্মান টাঃ ৩,৬০,০০০/০০ অগ্রগতি-১০০% **খ) মৎস ও প্রানি সম্পদঃ** মৎস সম্পদ সংরক্ষন ও উন্নয়ন, হাঁস মরগী ও গবাদি পশুর উন্নয়ন এবং পুকুর খনন ও মজাপুকুর সংস্কার, গ্রামীন মৎস খামার। টাঃ ১,৮০,০০০/০০ অগ্রগতি-১০০% **গ) ক্ষুদ্র ও কুটির শিল্পঃ** ক্ষুদ্র ও কুটির শিল্প ওয়ার্কশপ কর্মসূচি, দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষন ও সম্প্রসারন, [illegible] বর্ধক কর্মতৎপরতা ইত্যাদি টাঃ ১,৮০,০০০/০০ অগ্রগতি-১০০% **(২) বস্তুগত অবকাঠামোঃ** **ক) পরিবহন ও যোগাযোগ ঃ** রাস্তা নির্মান , পল্লী পূর্ত কর্মসূচী , ছোট ছোট সেতু, কালভার্ট নির্মান/ পুনঃনির্মান ও উন্নয়ন টাঃ ৫,৪০,০০০/০০ অগ্রগতি-১০০% **খ) জনস্বাস্থ্যঃ** পল্লী জনস্বাস্থ্য , বিশুদ্ধ পানীয় জল সরবরাহের ব্যবস্থা , স্বল্প ব্যয়ে স্বাস্থ্যসম্মত পায়খানা নির্মান, আর্সেনিক সমস্যা দূরীকরন ইত্যাদি। টাঃ ৫,৪০,০০০/০০ অগ্রগতি-১০০% **(৩) আর্থ সামাজিক অবকাঠামোঃ** **ক) শিক্ষার উন্নয়ন ঃ** শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেনীকক্ষ, খেলার মাঠ, শিক্ষার উপকরনের উন্নয়ন ও সরবরাহ টাঃ ৩,৬০,০০০/০০ অগ্রগতি-১০০% **খ) স্বাস্থ্য ও সমাজকল্যানঃ** স্বাস্থ্যগত পরিচ্ছন্নতা , পরিবার পরিকল্পনা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, ইপিআই কর্মসূচী, আর্সেনিক আক্রান্তদের চিকিৎসা সেবা। টাঃ ৫,৪০,০০০/০০ অগ্রগতি-১০০% **গ) যুব, ক্রীড়া ও সংস্কৃতি ঃ** যুব কর্মকান্ড , খেলাধূলা, ক্রীড়া, সাংস্কৃতিক তৎপরতা, শিশুদের শারিরীক, মানসিক ও সাংস্কৃতিক উন্নয়ন। টাঃ ৩,৬০,০০০/০০ অগ্রগতি-১০০% **ঘ) মহিলা ও শিশু কল্যান ঃ** মহিলা কল্যানসহ সমাজকল্যান কর্মকান্ড। টাঃ ৩,৬০,০০০/০০ অগ্রগতি-৮০% **ঙ) নারী উন্নয়নঃ** টাঃ ১,০৮,০০০/০০ অগ্রগতি-৮০% **চ) বিবিধ ঃ** জন্ম মৃত্যুর রেজিষ্ট্রিকরণ সংক্রান্ত কার্য, দূর্যোগ পরবর্তী ত্রাণকার্য (প্রয়োজনবোধে উপজেলা জরিপ ও উন্নয়নমূলক কার্য তদারকি ব্যয় হিসাবে ১% অর্থ এ খাত হতে ববহার করা যাবে)। জলবায়ু পরিবর্তনজনিত সমস্যা দূরীকরন ও স্কাউটিং/গার্লস গাইড (অনধিক ১%)। টাঃ ৭২,০০০/ মোট টাকা= ৩৬,০০,০০০/০০ অগ্রগতি-৮০%	ক) প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী ।